

১৭

তারিখ
পৃষ্ঠা ৭ কলাম ৭.....

NOV. 29 1977

ভিকারুননিসায় শেষ হল স্কুদে বিজ্ঞানীদের মেলা

যুগান্তর রিপোর্ট

যুক্তি ও মনুষ্যত্বের আলোকে বিজ্ঞান চর্চা ও প্রযুক্তির প্রয়োগই হোক উন্নয়নের মূলমন্ত্র শীর্ষক মোগানকে নিয়ে ভিকারুননিসা নূন মায়ের ক্লাবের উদ্যোগে আয়োজিত তিন দিনব্যাপী বিজ্ঞান উৎসবের গড়কাল ছিল সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তিমন্ত্রী ড. আবদুল মঈন খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজ্ঞানীদের মধ্যে পুরস্কার প্রদান করেন। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মিসেস রোয়েনা হোসেনের সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাউথ-ইস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. শমশের আলী এবং কলেজের গভর্নিং বোর্ডের চেয়ারম্যান মেজর (অব.) আবদুল মান্নান এমপি। জুনিয়র-১, জুনিয়র-২ এবং সিনিয়র এই তিনটি গ্রুপে ভিকারুননিসা নূন স্কুল এড কলেজের ছাত্রীরা বিজ্ঞান উৎসবে অংশগ্রহণ করে। ফাইন থেকে পেভেন ক্লাসের ছাত্রীরা ছিল গ্রুপ জুনিয়র-১-এ। এই গ্রুপের সিনবাতুল মুনতাহা, শাদলী ইসলাম এবং নাভিনা কালামের সোলার ওয়াটার হিটার বেস্ট প্রজেক্টের পুরস্কার লাভ করে। নাজরাতন নাসিহ এবং ওফুসী রহমানের কম বরচে দীর্ঘমেয়াদি ব্যাতি জুনিয়র-২-এর বেস্ট প্রজেক্ট পুরস্কার লাভ করে। ক্লাস এইট থেকে টেনের ছাত্রীরা জুনিয়র-২-এর সদস্য ছিল।

সিনিয়র গ্রুপের বেস্ট প্রজেক্টের পুরস্কার লাভ করে মনোরেনে প্রি জাইমেনশন অব ট্রান্সপোর্টেশন। কলেজ শাবাব ছাত্রী ফারহা করিম, নাদিয়া শাহরীন, ফাতেমা বিনতে সাতার, জান্নাতুল ফেরদৌস এই গ্রুপের সদস্য ছিল। বেস্ট প্রজেক্ট স্বর্ণপদক লাভ করে। এছাড়া জুনিয়র-১, জুনিয়র-২ গ্রুপে ২০ জনকে এবং সিনিয়র গ্রুপে ১৫ জনকে বিশেষ পুরস্কার দেয়া হয়। বিজ্ঞান উৎসবে ১ হাজার ৪০ ছাত্র ছাত্রী ২৬০টি প্রজেক্ট উপস্থাপন করেছে।